

PRINT

সমকাল

রাজশাহী বিশ্ববিদ্যালয় নিয়োগ বাণিজ্য নিয়ে পাল্টাপাল্টি দোষারোপ

১০ ঘণ্টা আগে

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) উপ-উপাচার্য চৌধুরী মো. জাকারিয়ার নিয়োগ বাণিজ্য নিয়ে অডিও ফাঁসের ঘটনায় চলছে পাল্টাপাল্টি দোষারোপ। গত ৩ অক্টোবর সংবাদ সম্মেলন ডেকে আইন বিভাগের সভাপতি অধ্যাপক আব্দুল হান্নানের বিরুদ্ধে শিক্ষক নিয়োগ-সংক্রান্ত অনিয়মের অভিযোগ করেন উপ-উপাচার্য। এর প্রতিবাদে গতকাল মঙ্গলবার অধ্যাপক আব্দুল হান্নান সংবাদ সম্মেলন করে বলেছেন, উপ-উপাচার্য সেদিন অসত্য, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য দিয়েছেন। তবে অধ্যাপক হান্নান এ সময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্ন এড়িয়ে যান।

নিয়োগের আগে যেই চাকরিপ্রত্যাশীর কাছ থেকে ধার হিসেবে টাকা নেওয়া হয়েছিল, নিয়োগ বোর্ডের আগেই সেই টাকা ফেরত দেওয়া হয়েছে বলে দাবি করেন বিভাগের সভাপতি হান্নান। এ সময় অধ্যাপক হান্নান ধার হিসেবে নেওয়া টাকা ও তা পরিশোধের ব্যাংকের রশিদ ও ব্যাংক অ্যাকাউন্ট স্টেটমেন্টের ফটোকপি এবং চাকরিপ্রত্যাশী নুরুল হুদার সঙ্গে কথোপকথনের একটি অডিও রেকর্ডিং উপস্থাপন করেন।

উপ-উপাচার্য চৌধুরী মো. জাকারিয়ার দেওয়া বক্তব্যের পরিপ্রেক্ষিতে অধ্যাপক হান্নান বলেন, 'আমার দুই লাখ টাকার প্রয়োজন ছিল। ওই সময় নুরুল হুদার কাছ থেকে সপ্তাহ খানেকের জন্য দুই লাখ টাকা ধার নেই। ৪ নভেম্বর নুরুল হুদা নীলফামারীর সৈয়দপুর শাখা ইসলামী ব্যাংক থেকে রাজশাহী শাখা ইসলামী ব্যাংকের ডিসেন্ট ট্রেডার্সের অ্যাকাউন্টের মাধ্যমে আমাকে দুই লাখ টাকা দেন। এরপর গত ১২ নভেম্বর আমি ব্যাংকের মাধ্যমেই নুরুল হুদাকে টাকাটা ফেরত দিই। অথচ বিভাগের চাকরির নিয়োগ বোর্ড অনুষ্ঠিত হয় পরের দিন ১৩ নভেম্বর।' গত ৩০ সেপ্টেম্বর রাতে চাকরিপ্রত্যাশী নুরুল হুদার স্ত্রী সাদিয়ার

সঙ্গে উপ-উপাচার্য চৌধুরী মো. জাকারিয়ার মোবাইল ফোনে কথোপকথনের একটি অডিও ফাঁস হয়। কথোপকথনে সাদিয়া কত টাকা দেওয়ার জন্য রেডি আছেন বলে জানতে চান চৌধুরী মো. জাকারিয়া। জানা গেছে, চাকরিতে

নিয়োগের কয়েক দিন আগের রেকর্ডিং এটি। রেকর্ডিংটি ফাঁস হওয়ার পর চৌধুরী মো. জাকারিয়া আইন বিভাগের শিক্ষক নিয়োগে অনিয়মের আশ্রয় নিয়েছেন- এমন অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। ৩ অক্টোবর সংবাদ সম্মেলন করে ফোনালাপের বিষয়টিকে স্বার্থান্বেষী মহলের ষড়যন্ত্র বলে দাবি করেন। সংবাদ সম্মেলনে তিনি অধ্যাপক হান্নানের ডিসেন্ট ট্রেডার্সের নামে দুই লাখ টাকা জমার রশিদ, ছবি ও স্বাক্ষরসহ ব্যাংকের নথিপত্র উপস্থাপন করেন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com